



বাংলাদেশ দূতাবাস
ব্যাংকক

প্রেস বিজ্ঞপ্তি

নং ১৩৫

বাংলাদেশ দূতাবাস, ব্যাংককে যথাযোগ্য মর্যাদায় ঐতিহাসিক মুজিবনগর দিবস ২০২৪ পালন

ব্যাংকক, ১৭ এপ্রিল ২০২৪

বাংলাদেশ দূতাবাস, ব্যাংকক এ আজ যথাযোগ্য মর্যাদায় ঐতিহাসিক মুজিবনগর দিবস-২০২৪ পালন করা হয়। অনুষ্ঠানের শুরুতে দিবসটি উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত বাণী পাঠ করেন যথাক্রমে দূতাবাসের মিনিস্টার (কনস্যুলার) জনাব হাসনাত আহমেদ এবং কাউন্সেলর (ইকনোমিক) জনাব সারোয়ার আহমেদ সালেহীন।

দিবসটি উপলক্ষ্যে মান্যবর রাষ্ট্রদূত জনাব মো: আব্দুল হাই তাঁর বক্তব্যের শুরুতে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, জাতীয় চার নেতা ও মহান মুক্তিযুদ্ধে শহিদ বীর মুক্তিযোদ্ধাদের গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন এবং তাঁদের আত্মার মাগফেরাত কামনা করেন। মান্যবর রাষ্ট্রদূত তাঁর বক্তব্যে মুজিব নগর সরকার গঠনের প্রেক্ষাপট, এ সরকার কর্তৃক মুক্তিযুদ্ধ পরিচালনা, মুক্তিযুদ্ধে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর অবদান, মুক্তিযুদ্ধে বাঙালি জাতির ঐক্যবদ্ধতা ইত্যাদি বিষয়ের উপর আলোকপাত করেন। এছাড়া, তিনি মুক্তিযুদ্ধকালীন বিভিন্ন ঐতিহাসিক স্থাপনা সংরক্ষণের লক্ষ্যে প্রয়োজনীয় নীতিমালা প্রণয়নের উপর গুরুত্বারোপ করেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দূতাবাসের কাউন্সেলর ও দূতালয় প্রধান জনাব মোঃ মাসুমুর রহমান।

